

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ ভাদ্র ১৪২৯/০৯ সেপ্টেম্বর ২০২২

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২২.৬০ – সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বাংলাদেশের অকৃত্রিম বন্ধু ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুতে আজ ৯ সেপ্টেম্বর ২০২২ শুক্রবার হতে ১১ সেপ্টেম্বর ২০২২ রবিবার পর্যন্ত বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০৩ (তিন) দিনের শোক পালন করা হবে।

২। এ উপলক্ষে আজ ৯ সেপ্টেম্বর ২০২২ শুক্রবার হতে ১১ সেপ্টেম্বর ২০২২ রবিবার পর্যন্ত বাংলাদেশের সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি ও বেসরকারি ভবন এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে এবং তাঁর বিদেহী আত্মার শান্তির জন্য বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব